

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 20-02-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Swearing in of new cabinet- Delhi :

दिल्लीर नतून मन्त्रिसभार शपथग्रहण अनुष्ठान आज रामलीला मयदाने अनुष्ठित हवे । सेथाने दिल्लीर नतून मुख्यमन्त्री हिसावे शपथ नेबेन रेखा गुप्ता । गतकाल नयादिल्लीते दिल्लीर विजेपि विधायक दलेर वैठकेर पर एइ नाम घोषणा करा हय । सम्प्रति अनुष्ठित दिल्ली विधानसभा निर्वाचने रेखा गुप्त शालिमार बाग आसन थेके जयी हन । आज दिल्लीर मुख्यमन्त्री ओ मन्त्रिसभार अन्यान्य सदस्यरा शपथवाक्य पाठ करबेन । शपथग्रहण अनुष्ठाने उपस्थित थाकबेन प्रधानमन्त्री नरेन्द्र मोदी, केन्द्रीय स्वरष्ट्रमन्त्री अमित शाह, प्रतिरक्षामन्त्री राजनाथ सिंह केन्द्रीय मन्त्रीरा ओ एनडिअ'र मुख्यमन्त्री ओ उपमुख्यमन्त्रीरा ।

NDRF, Amit Shah :

केन्द्रीय स्वरष्ट्रमन्त्री अमित शाहेर सभापतिहे उच्च-स्तरेर कमिटी गत बछर आकस्मिक बन्या, भूमिधस एवं घूर्णिवाड़ेर मतो प्राकृतिक दुर्योगे क्षतिग्रस्त पाँचटि राज्यके जातीय दुर्योग मोकाबेला तहबिल, एनडिआरएफ थेके एक हजार ५५४ कोटि टाकारओ बेशि केन्द्रीय सहायता अनुमोदन करेछे । मन्त्रक जानियेछे, त्रिपुरार जन्म २८८ कोटि ९७ लक्ष टाका अनुमोदन करा हयेछे ।

স্বরাষ্ট্র মন্ত্রক ত্রিপুরার জন্য অতিরিক্ত সহায়তা হিসেবে ২৮৮কোটি ৯৩ লক্ষ টাকার অনুমোদন দেওয়ায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্র মন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন।

C.M meet with union ministers :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল নয়াদিল্লিতে রেল ভবনে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে মুখ্যমন্ত্রী রাজ্যে রেলওয়ে পরিকাঠামোর উন্নয়ন সহ বিভিন্ন উন্নয়ন প্রকল্প নিয়ে আলোচনা করেন। রেলওয়ে পরিকাঠামোর উন্নয়নের অংশ হিসেবে বন্দে ভারত ট্রেন চালু করা, আগরতলা ও গুয়াহাটীর মধ্যে একটি ইন্টারসিটি ট্রেন, ধর্মনগর ও সার্ব্ণমের মধ্যে লোক্যাল ট্রেন, বোধজংনগর-জিরানিয়া এবং ধর্মনগর-কৈলাশহরের মধ্যে নতুন রেলওয়ে ট্র্যাক স্থাপনের জন্য কেন্দ্রীয় রেলমন্ত্রীর কাছে অনুরোধ জানান। এছাড়াও কৃষকদের জন্য আগরতলা এবং গুয়াহাটীর মধ্যে সংযুক্ত একটি কিষান ট্রেন পরিষেবা চালু করারও প্রস্তাব রাখেন মুখ্যমন্ত্রী।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৩শে ফেব্রুয়ারী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মত বিনিময় করবেন। প্রধানমন্ত্রী জনগণকে তাদের স্মৃতিস্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’ এ জানানোর আহ্বান জানিয়েছেন।

Mahakumbh :

প্রয়াগরাজে মহাকুম্ভ চলাকালীন গতকাল পর্যন্ত ৫৬ কোটি ৬৪ লক্ষেরও বেশি ভক্ত পবিত্র স্নান করেছেন। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন, কেন্দ্রীয় মন্ত্রী জিতন রাম মাঝি, কেন্দ্রীয় বিমান পরিবহণ মন্ত্রী রাম মোহন নাইডুও পবিত্র স্নানে অংশ নেন। উত্তরপ্রদেশ কংগ্রেস সভাপতি অজয় রাই, শিবসেনা সাংসদ শ্রীকান্ত শিন্ডে এবং বিজেপি সাংসদ তেজস্বী সূর্য সহ আরও অনেক বিশিষ্ট ব্যক্তি গতকাল মহাকুম্ভ-এ অংশ নেন।

Bishalgar Book Fair :

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন বইমেলা জ্ঞান ও মননের মেলা। বইমেলার মধ্য দিয়ে নতুন প্রজন্মকে বই পড়ায় উৎসাহিত করতে হবে। গতকাল বিশালগড় টাউন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় মাঠে চারদিন 'আমার মেয়ে আমার অহংকার' এই ভাবনাকে সামনে শুরু হওয়া এই বইমেলা আগামী ২২ ফেব্রুয়ারি সমাপ্ত হবে। এবারের বিশালগড় বইমেলায় ত্রিপুরা পাবলিশার্স গিল্ড, অল ত্রিপুরা বুক সেলার্স অ্যাসোসিয়েশন সহ মোট ১৮টি বইয়ের স্টল খোলা হয়েছে।

Meeting :

উনকোটি জেলার ফটিকরায়ে সরকারী দপ্তরগুলির কাজকর্ম নিয়ে গতকাল এক বৈঠক অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস। বৈঠকে উপস্থিত ছিলেন, উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ ও কুমারঘাট ব্লকের B.D.O ডঃ স্তুদীপ ভৌমিক প্রমুখ। মন্ত্রী সুধাংশু দাস

আকাশবাণী'র জেলা প্রতিনিধিকে জানান, সরকারের গৃহীত কর্মসূচি, কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন কল্যাণমুখী প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে বৈঠকে পর্যালোচনা করা হয়।

Power Minister :

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, রাজ্যের বাজারগুলিতে হাইমাস্ট সোলার লাগানো হবে। গতকাল লেফুঙ্গা ব্লক এলাকার গামছা কোবরা, অভিচরন, লেফুঙ্গা বাজার, নতুন বাজার এলাকায় পরিদর্শনকালে তিনি একথা জানান।

National Womens Comission :

জাতীয় মহিলা কমিশনের সদস্যা ডা: অর্চনা মজুমদার গতকাল ত্রিপুরা সফরে এসেছেন। তিনি আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদারের সঙ্গে মহিলাদের সুরক্ষা সম্পর্কিত বিষয় নিয়ে আলোচনা করেছেন। তিনি রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মার সঙ্গেও বৈঠক করেন।

FPO Mela :

কৃষি ও কৃষক কল্যান দপ্তরের উদ্যোগে আগরতলার পূর্বাশা প্রাঙ্গনে আয়োজিত কৃষক উৎপাদন মেলা গতকাল শেষ হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উদ্যান দপ্তরের অধিকর্তা দীপক কুমার দাস, কৃষি দপ্তরের অধিকারিক মানিক

লাল দেববর্মা প্রমুখ। প্রথমবারের মতো আয়োজিত FPO মেলায় ৪৪টি কৃষক উৎপাদন সংগঠন সহ ৮৯টি ষ্টল খোলা হয়।

Weather :

আজ আকাশ মেঘাচ্ছন্ন থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।
